

স্মারক নং-বিএনএমসি/পরী: ৪৮(কম্পি: ২৫)/২০২১-৮২৭

তারিখঃ ৩০ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটির গত ০৪ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ অনুষ্ঠিত সভার সিদ্ধান্তক্রমে কাউন্সিলের অধীনে পরবর্তী কম্পিহেন্সিভ পরীক্ষা সম্ভাব্য ২৬ নভেম্বর ২০২১ খ্রিঃ অনুষ্ঠিত হবে। বিগত কম্পিহেন্সিভ পরীক্ষায় অকৃতকার্য, অনুপস্থিত ও যে সকল পরীক্ষার্থীরা যথাসময়ে আবেদন করতে পারেনি তাদেরকে ২০ অক্টোবর ২০২১ খ্রিঃ বুধবার বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।

(ক) নার্সিং ও মিডওয়াইফারি পরীক্ষার্থীঃ

- (১) বিএসসি ইন নার্সিং, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কাউন্সিলের সফটওয়্যারে সংরক্ষিত স্টুডেন্ট-রেজিস্ট্রেশন ডাটাবেজে (প্রতিষ্ঠানের গোপন ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে) প্রবেশ করে পূর্বের ন্যায় পরীক্ষার আবেদন ফরমপূরণ করতে হবে;
- (২) নার্সিং কলেজ/ইনস্টিটিউট কর্তৃপক্ষ সকল শিক্ষার্থীর পরীক্ষার ফি জনপ্রতি ২,০০০/- (দুই হাজার) টাকা একত্রে কাউন্সিলের ওয়েবসাইট থেকে পূরণকৃত নির্দিষ্ট জমা রশিদ/পে-স্লিপ মাধ্যমে প্রাইম ব্যাংকের যে কোন শাখায় টাকা জমা দিয়ে মূলকপি, ফরওয়ার্ডিং লেটার, পূর্বের পরীক্ষায় অকৃতকার্য/অনুপস্থিত পরীক্ষার্থীদের প্রবেশপত্রের কপি ও পরীক্ষার্থী তালিকা ডাকযোগে/ কুরিয়ারে নির্দিষ্ট সময়ের মধ্যে কাউন্সিলে পৌঁছানো নিশ্চিত করতে হবে।

(খ) পেশেন্ট কেয়ার টেকনোলজি কোর্স সম্পন্নকারি পরীক্ষার্থীঃ

- (১) পরীক্ষার ফি জমার অনলাইন রশিদঃ কাউন্সিলের ওয়েবসাইটের অভ্যন্তরীণ ই-সেবা অংশে 'অনলাইনে ফি জমা রশিদ' ক্লিক করে Client Typ: Others সিলেক্ট করে প্রয়োজনীয় তথ্য লিখে Comprehensive Examination Fee বাবদ ২,০০০/- (দুই হাজার) টাকা সিলেক্ট করে সাবমিট দিলে রশিদ পাওয়া যাবে। রশিদটি প্রিন্ট করে প্রাইম ব্যাংকের যে কোন শাখায় জমা দিলে একাংশ রেখে অবশিষ্ট দুই অংশ ফেরত দিবে। জমাকৃত রশিদের নিজ অংশ রেখে বিএনএমসি অংশ ফরমের সাথে কাউন্সিলে দাখিল করতে হবে।
- (২) আবেদনের অনলাইন ফরমঃ পেশেন্ট কেয়ার টেকনোলজি কোর্স সম্পন্নকারিদেরকে কাউন্সিলের ওয়েবসাইটের অভ্যন্তরীণ ই-সেবা নির্দিষ্ট স্থানে ক্লিক করে অনলাইন ফরমে প্রয়োজনীয় তথ্যাদি লিখে যথাযথ নিয়মে আবেদন সম্পন্ন করে দু'টি প্রিন্ট কপি নিতে হবে।
- (৩) ফি জমার রশিদ এবং আবেদন ফরমের প্রিন্ট (হার্ডকপি) সাথে এসএসসি ও পেশেন্ট কেয়ার টেকনোলজির স্টুডেন্ট রেজিস্ট্রেশন এবং সনদপত্র, টেস্টমনিয়াল (প্রশংসাপত্র), জাতীয় পরিচয়পত্র (প্রয়োজ্য ক্ষেত্রে অনলাইন জন্ম নিবন্ধন), স্থায়ী ঠিকানা সম্বলিত নাগরিকত্ব সনদ ইত্যাদি প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি, পূর্বের পরীক্ষায় অকৃতকার্য/অনুপস্থিত পরীক্ষার্থীদের প্রবেশপত্রের কপি এবং ফি জমা স্লিপ সংযুক্ত করে ডাকযোগে/কুরিয়ারে নির্দিষ্ট সময়ের মধ্যে কাউন্সিলে পৌঁছানো নিশ্চিত করতে হবে।

(গ) চাহিদা অনুযায়ী সকল কাগজপত্র ২১/১০/২০২১ খ্রিঃ বৃহস্পতিবার বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে ডাক/কুরিয়ার যোগে কাউন্সিলে পৌঁছানো নিশ্চিত করতে হবে। অসম্পূর্ণ ও বিলম্বে পৌঁছানো আবেদন বাতিল বলে গণ্য হবে।

(ঘ) পরীক্ষার কেন্দ্র তালিকা, সময়সূচি ও প্রবেশপত্র ইত্যাদি সংক্রান্ত বিজ্ঞপ্তি যথাসময়ে কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।



(সুরাইয়া বেগম)

রেজিস্ট্রার

ফোন: ২২৩৩৮৪১৫৯

ই-মেইল: bnmc.examination@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. প্রেসিডেন্ট, বিএনএমসি এবং সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম (দৃঃ আঃ উপসচিব, নার্সিং শিক্ষা শাখা)।
২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি, বিএনএমসি ও পরিচালক (চিপি), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. সদস্য (সকল), পরীক্ষা নিয়ন্ত্রণ কমিটি, বিএনএমসি এবং
৫. সহকারী প্রোগ্রামার, বিএনএমসি (বিজ্ঞপ্তি কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশের নির্দেশসহ)।
৬. সংশ্লিষ্ট কার্যসম্পাদন/নমন্ত্রণের নির্দেশসহ প্রধান সহকারী এবং উচ্চমান সহকারী-১, বিএনএমসি-কে নির্দেশ প্রদান করা হলো (২২৩৩৮৪১৫৯ /০২৯১১-৩৫২২৭২/ bnmc.examination@gmail.com).....
৭. হিসাব রক্ষক, বিএনএমসি (০১৫১১-৬৯৪৫৪৬)।
৮. জনাব/ বেগম